

২০৭

ভার্সিটি শিক্ষক সমিতি ফেডারেশনের মৌন মিছিল

স্টাফ রিপোর্টার : বাংলাদেশে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন সন্ত্রাসের বিরুদ্ধে সোকার, সন্ত্রাসী ও সন্ত্রাস দালনকারীদের বিরুদ্ধে সামাজিক-রাজনৈতিক প্রতিরোধ গড়ে তোলার জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক, পেশাজীবী, রাজনৈতিকসহ সকল বিবেকবান মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এই মহাসমাবেশ অনুষ্ঠিত হয়। মহাসমাবেশের আগে শিক্ষকরা মৌন মিছিল বের করেন। মিছিলটি প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে ছাত্র শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এসে শেষ হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অভিযুক্ত সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচার, শিক্ষকদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা বাতিল এবং রাজশাহী ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের অভিযুক্ত সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারের দাবীতে এ মৌন মিছিল ও মহাসমাবেশ ডাকা হয়।

মহাসমাবেশ থেকে জাহাঙ্গীরনগর, ইসলামী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ সারাদেশের শিক্ষাক্ষেত্রে উত্তরোত্তর সন্ত্রাস বৃদ্ধি পাচ্ছে বলে অভিযোগ করে সংশ্লিষ্ট তিনজন মন্ত্রীর পদত্যাগ ও ধর্মভিত্তিক রাজনীতি নিষিদ্ধ করার দাবী জানানো হয়।

সমাবেশ শেষে ফেডারেশনের নির্বাহী কমিটি সভায় দাবী আদায়ের লক্ষ্যে আগামী ৫ অক্টোবর প্রধানমন্ত্রীর সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট এবং আগামী ১০, ১১ ও ১২ অক্টোবর দেশের সকল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়। তবে পরীক্ষাসমূহ ধর্মঘটের আওতার বাইরে থাকবে। ধর্মঘটের শেষদিনে ১২ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অবিরাম ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হবে।

শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর খন্দকার মুস্তাফিজুর রহমানের সভাপতিত্বে ও মহাসচিব ডঃ আবদুর রহিমের পরিচালনায় অনুষ্ঠিত এ মহাসমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মুঃ কায়সউদ্দিন, প্রফেসর শমসের আলী ও নুরুল্লাহ, কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মুনসুরুল আমিন, প্রফেসর শহীদুল্লাহ তালুক-দার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আবদুর রাজ্জাক আকন্দ, জয়নাল আবেদীন, ডঃ হুমায়ূন কবীর, প্রফেসর ইনামুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সাঈদ-উর-রহমান, ডঃ মোহাব্বত খান, প্রফেসর আমিনুল ইসলাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর জসিমউদ্দিন আহমদ, আনু মুহাম্মদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের কামাল উদ্দিন প্রমুখ।

সভাপতির ভাষণে প্রফেসর মুস্তাফিজুর রহমান বলেন, সন্ত্রাসীরা কোন দলের নয় কাজেই তারা কারো বন্ধু হতে পারে না।

তিনি বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্ত্ব শাসন বিরোধীদের সমালোচনা করে বলেন, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের অবশ্যই স্বায়ত্ত্ব শাসন থাকতে হবে।